তারিখ 02 OCT 2016 ... ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ......

গ) G ইউনিটে ৭৫ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ৫৫ মিনিট। তবে OMR পূরণের জন্য আলাদাভাবে ৫ মিনিট সময় দেয়া হবে। ০৫ নম্বরের মৌখিক পরীক্ষা পরবর্তী সময়ে নেয়া হবে।

৩. ভর্তি পরীক্ষা শেষ হওয়ার সর্বোচ্চ ৩ দিনের মধ্যে সংশ্লিষ্ট ইউনিট অফিস ফলাফল প্রকাশ করবে। ভর্তি পরীক্ষার ফলাফল ওয়েবসাইটে (ju-admission.org) এবং ইউনিট অফিসের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। সংবাদপত্রে ফলাফল প্রকাশ করা হবে না।

৪. ভর্তির সময় ছাত্র-ছাত্রীর মূল সনদপত্র, Academic Transcrip, ভর্তি পরীক্ষার উত্তরপত্র, ছাত্র-ছাত্রীর আপলোড করা ছবি, স্বাক্ষর, হাতের লেখা ইত্যাদি যাচাই করা হবে।

৫. সকল ইউনিটের জন্য লিখিত পরীক্ষার পাশ নম্বর ন্যূনতম ৩৩%।
   ক) C ইউনিটে (বাংলা ও ইংরেজি বিভাগ ব্যতীত) উত্তীর্ণ হওয়ার জন্য বাংলা ও ইংরেজি বিষয়ে ৩০ নম্বরের মধ্যে কমপক্ষে ১০ পেতে হবে।
   খ) C ইউনিটে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে বাংলা বিভাগে ভর্তিচ্ছুকদের বাংলা বিষয়ে ১৫ এর মধ্যে কমপক্ষে ৮ নম্বর পেতে হবে।
   গ) C ইউনিটে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে ইংরেজি বিভাগে ভর্তিচ্ছুকদের ইংরেজি বিষয়ে ১৫ এর মধ্যে কমপক্ষে ১০ নম্বর পেতে হবে।
   ঘ) C ইউনিটে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা প্রশ্নপত্রের ৮১ থেকে ১০০ ক্রমিক নম্বর প্রশ্নের উত্তরের জন্য ২০ নম্বরের মধ্যে কমপক্ষে ৭ পাবে, তারা নাটক ও নাট্যতত্ত্ব এবং চারুকলা বিভাগে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

৬. OMR শিট (উত্তরপত্র)-এর নীচে নির্ধারিত স্থানে নির্দেশনা মোতাবেক একটি বাংলা এবং একটি ইংরেজি বাক্য লিখতে হবে।

৭. E, F ও G ইউনিটের প্রশ্নপত্র ইংরেজিতে হবে। তবে অন্যান্য ইউনিটে ইংরেজি ভার্সন এবং A লেভেল/O লেভেলের আবেদনকারীদের প্রশ্নপত্রও ইংরেজিতে হবে এবং তাদের পরীক্ষা ইউনিট কর্তৃক নির্ধারিত সময় ও স্থানে অনুষ্ঠিত হবে।

৮. প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের পরীক্ষা দেয়ার জন্য বিশেষ সাহায্য প্রয়োজন হলে সংশ্লিষ্ট ইউনিট প্রধান বরাবর সাদা কাগজে আবেদন করে সম্মতি নিতে হবে।

৯. ভর্তি পরীক্ষার উত্তরপত্রে (OMR শিট) ভর্তি পরীক্ষার রোল নম্বর ও অন্যান্য ঘরে ইংরেজি সংখ্যায় লিখতে হবে এবং সে অনুযায়ী বৃত্ত ভরাট করতে হবে।

**চ. বিভিন্ন ইউনিটের ভর্তি পরীক্ষার নম্বর বন্টন :**

১. A- ইউনিট (গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদ) :
গণিত-২২, পদার্থবিজ্ঞান-২২, রসায়ন-২২, বাংলা-০৩, ইংরেজি-০৩ এবং বুদ্ধিমত্তা (বিজ্ঞান বিষয়ক) ০৮ নম্বর।

২. B- ইউনিট (সমাজবিজ্ঞান অনুষদ) :
বাংলা-১০, ইংরেজি-১৫, গণিত-১৫, সাধারণ জ্ঞান-২৫ এবং বুদ্ধিমত্তা-১৫ নম্বর।

৩. C- ইউনিট (কলা ও মানবিকী অনুষদ) :
বাংলা-১৫, ইংরেজি-১৫ এবং অনুষদ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়-৭০ নম্বর।

৪. D- ইউনিট (জীববিজ্ঞান অনুষদ) :
বাংলা ও ইংরেজি-০৮, রসায়ন-২৪, উদ্ভিদবিজ্ঞান-২২, প্রাণিবিদ্যা-২২, এবং বুদ্ধিমত্তা-০৪ নম্বর।

৫. E- ইউনিট (বিজনেস স্টাডিজ অনুষদ) :
বাংলা-১০, ইংরেজি-৩০, গণিত-৩০ এবং ব্যবসায় সম্পর্কিত সাধারণ জ্ঞান-১০ নম্বর।

৬. F- ইউনিট (আইন অনুষদ) :
বাংলা-২৫, ইংরেজি-২৫ এবং সাম্প্রতিক বিষয় ও বুদ্ধিমত্তা-৩০ নম্বর।

৭. G- ইউনিট (ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, আইবিএ-(জেইউ) :
বাংলা-০৫, ইংরেজি-৩০, Mathematical Aptitude ও IQ ৩০, সাম্প্রতিক ও বিশ্লেষণমূলক বিষয়-১০ এবং মৌখিক পরীক্ষায়-০৫ নম্বর। মৌখিক পরীক্ষায় সর্বনিম্ন ৩৫% পেতে হবে।

৮. H- ইউনিট (ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি, আইআইটি) :
বাংলা-০৫, ইংরেজি-১৫, গণিত-৪০ এবং পদার্থবিজ্ঞান-২০ নম্বর।

**ছ. ভর্তির জন্য নির্বাচন পদ্ধতি :**

১. লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে নিম্নের (২)-এ বর্ণিত প্রাপ্ত নম্বর যোগ করে মোট সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে সংশ্লিষ্ট ইউনিট/বিভাগের আসন সংখ্যার সর্বাধিক ১০ (দশ) গুণ ছাত্র-ছাত্রীর পৃথক তালিকা মেধা অনুযায়ী প্রণয়ন করা হবে। G- ইউনিট এবং C- ইউনিটভুক্ত নাটক ও নাট্যতত্ত্ব এবং চারুকলা বিভাগের চূড়ান্ত মেধাক্রম মৌখিক/ব্যবহারিক পরীক্ষার পরে প্রকাশ করা হবে।

২. গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ ছাত্রছাত্রীর মাধ্যমিক/সমমানের পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-কে ১.৫ দ্বারা এবং উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-কে ২.৫ দ্বারা গুণ করে ফলাফল তৈরি করা হবে।

৩. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার সঙ্গে সামঞ্জস্য রক্ষার্থে O লেভেল এবং A লেভেল-এর ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে A গ্রেডের জন্য ৫, B গ্রেডের জন্য ৪, C গ্রডের জন্য ৩.৫ এবং D গ্রেডের জন্য ৩ পয়েন্ট গণ্য করা হবে।

৪. ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সাক্ষাৎকারের সময়সূচী পরবর্তীতে ওয়েবসাইট (ju-admission.org) এবং পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে। সাক্ষাৎকারের সময় হাতের লেখা এবং অন্যান্য কাগজপত্র যাচাই করা হবে।

**জ. ভর্তি পরীক্ষার তারিখ :**
১৯/১১/২০১৬ তারিখ থেকে ২৭/১১/২০১৬ তারিখ পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংবাদপত্র এবং ওয়েবসাইট (ju-admission.org) এ বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

ঝ. পরীক্ষার হলে প্রবেশপত্র, উচ্চমাধ্যমিক পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড এবং সাধারণ বলপেন ছাড়া কোন প্রকার ক্যালকুলেটর, মোবাইল ফোন, ঘড়ি ও অন্য কোন সহায়ক ডিভাইস নিয়ে আসা যাবে না। এসব পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে পরীক্ষার্থীকে পরীক্ষা থেকে বিরত করে আইনানুগ ব্যবস্থা নেয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষের কাছে সোপর্দ করা হবে। এখানে উল্লেখ্য যে, সময় দেখার জন্য পরীক্ষার হলে ঘড়ির ব্যবস্থা থাকবে।

ঞ. কোন ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে এবং যে কোন পর্যায়ে তা ধরা পড়লে তার জন্য তাকে নিম্নোক্ত এক বা একাধিক শাস্তি প্রদান করা হবে :
   ১. কোন প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্রছাত্রীর ক্ষেত্রে স্ব স্ব প্রতিষ্ঠানের প্রধানকে চিঠির মাধ্যমে অবহিত করা হবে।
   ২. পত্রিকায় সচিত্র সংবাদ প্রকাশ করা হবে।
   ৩. থানায় মামলা দায়ের করা হবে।
   ৪. সকল ইউনিটের পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
   ৫. ভর্তির যেকোন পর্যায়ে অথবা ভর্তির পর তার ভর্তি বাতিল করা হবে।

ট. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ এবং ভর্তি হওয়ার সময় ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকদের যাতায়াতের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন প্রকার যানবাহনের ব্যবস্থা করবে না।

ঠ. ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের মধ্য থেকে বিভিন্ন কোটায় ভর্তির আবেদন ভর্তি পরীক্ষার পর গ্রহণ করা হবে। এ ব্যাপারে পরবর্তীতে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হবে।

ড. ভর্তি পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয় পরিবর্তনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ঢ. অনুসন্ধান (সকাল ৯:০০টা থেকে রাত ১০:০০টা পর্যন্ত) :

| | |
|---|---|
| ১। বিল নম্বর ও ট্রানজেকশন আইডি সংক্রান্ত | : ০১৭৫৫৬০০৭৬৯, ০১৭৫৫৬০০৭৭০ |
| ২। ছবি ও স্বাক্ষর সংক্রান্ত | : ০১৭৫৫৬০০৭৭১, ০১৭৫৫৬০০৭৭২ |
| ৩। প্রবেশপত্র ও সিটপ্ল্যান সংক্রান্ত | : ০১৭৫৫৬০০৭৭৩, ০১৭৫৫৬০০৭৭৪ |
| ৪। অন্যান্য বিষয় | : ০১৭৫৫৬০০৭৭৫, ০১৭৫৫৬০০৭৭৬ |
| ৫। ই-মেইল | : support@ju-admission.org |

**মোহাম্মদ আলী**
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)
এবং সচিব, বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটি
তারিখ : ০১ অক্টোবর ২০১৬